তারিখ ·· 25 JUL 2016 ···
পৃষ্ঠা ··২·২·· কলাম····৬·····

দৈনিক
আমাদের সময়

# ছাত্রদলের ধর্মঘটে ক্যাম্পাসে বিক্ষোভ বিভিন্ন ভবনে তালা

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক ●
বিএনপির সিনিয়র ভাইস চেয়ারম্যান তারেক রহমানকে অর্থপাচার মামলায় সাজা দেওয়ার প্রতিবাদে গতকাল সারা দেশের শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্রদলের ডাকা ধর্মঘট পালিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের আশপাশের এলাকায় ধর্মঘটের সমর্থনে বিক্ষোভ করেছে সংগঠনটির নেতাকর্মীরা। ধর্মঘটের সমর্থনে ক্লাস-পরীক্ষা বন্ধ রাখতে একাডেমিক ভবনের মূল ফটক, ক্লাস রুমের তালায় সুপার গ্লু লাগিয়েছে নিজ নিজ প্রতিষ্ঠানের ছাত্রদল নেতাকর্মী। জানা যায়. এরপর পৃষ্ঠা ১১, কলাম ১

## ছাত্রদলের ধর্মঘটে ক্যাম্পাসে

(শেষ পৃষ্ঠার পর) ধর্মঘটের সমর্থনে রাজধানীর হাতিরপুল এলাকায় বিক্ষোভ মিছিল করে
ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রদলের নেতাকর্মীরা। খুব অল্প সময়ের মধ্যে মিছিলটি কাঁটাবনে গিয়ে
শেষ হয়। এতে নেতৃত্ব দেন ঢাবি শাখা ছাত্রদলের সভাপতি আল মেহেদী তালুকদার ও
সাধারণ সম্পাদক বাসার সিদ্দিকী। এর আগে তারা ক্যাম্পাসের বিভিন্ন ভবনে তালা মেরে
দেন। তবে সকালে বিশ্ববিদ্যালয় প্রশাসন তালাগুলো ভেঙে ফেলে। অন্যদিকে ধর্মঘটের
সমর্থনে শনিবার রাত পৌনে ১টার দিকে কার্জন হলে পোস্টার লাগানোর সময় ছাত্রদলের
এক নেতাকে ধরে পুলিশে দেয় ছাত্রলীগ। ছাত্রদল ঢাবি শাখার সাধারণ সম্পাদক বাসার
সিদ্দিকী বলেন, ছাত্রদলের ধর্মঘট প্রতিহত করতে গতরাত থেকে ছাত্রলীগ ক্যাম্পাসে অস্ত্র
নিয়ে অবস্থান করছে। তাই ক্যাম্পাসের পাশেই ধর্মঘটের সমর্থনে কর্মসূচি পালন করেছি।
এছাড়া রাজধানীর মিরপুরে বিশ্ববিদ্যালয়ের বৈশাখী বাস আটকে দেয় ছাত্রদলের
নেতাকর্মী। ছাত্রদলের মুক্তিযুদ্ধ ও গবেষণা বিষয়ক সম্পাদক সর্দার আমিরুল ইসলাম
সাগরের নেতৃত্বে ছাত্রদলের কিছু নেতাকর্মী বাসটি আটকে রাখেন।
এদিকে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ধর্মঘট পালন করেছে বিশ্ববিদ্যালয় (জবি) শাখা
ছাত্রদল। গতকাল সকালে পূর্বঘোষিত এ কর্মসূচির সমর্থনে বিশ্ববিদ্যালয় এলাকায় ঝটিকা
মিছিল করেন শাখা ছাত্রদলের নেতাকর্মীরা। শাখা ছাত্রদল সভাপতি মো. রফিকুল ইসলাম
রফিক ও সাধারণ সম্পাদক আসিফুর রহমান বিপ্লবের নেতৃত্বে মিছিল অনুষ্ঠিত হয়।
ক্যাম্পাসের অগ্রণী ব্যাংক সংলগ্ন দ্বিতীয় গেট, বিভিন্ন বিভাগের তালায় সুপার গ্লু ও
বিশ্ববিদ্যালয় শিক্ষকদের পরিবহনকারী গাড়ি অবরোধ করে ছাত্রদল নেতাকর্মী। শাখা
ছাত্রদলের সাংগঠনিক সম্পাদক সাদিকুর রহমান বলেন, আমরা বিশ্ববিদ্যালয়ের ভেতরে
সাতটি বিভাগে তালা দিয়েছি। এ ছাড়া গোলাপশাহ মাজারের সামনে শিক্ষকদের বহনকারী
একটি বাস ও বিভিন্ন স্থানে শিক্ষার্থীদের বহনকারী তিনটি বাস আটকে দিয়েছি। এদিকে
একই কর্মসূচির অংশ হিসেবে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে (জাবি) বিভিন্ন বিভাগের প্রায়
অর্ধশত শ্রেণিকক্ষের তালায় 'সুপার গ্লু' লাগিয়ে ধর্মঘট পালন করছে ছাত্রদলের
নেতাকর্মীরা। অন্যদিকে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) মৃৎশিল্প ও ভাস্কর্য বিভাগের প্রায়
১৩টি কক্ষে সুপার গ্লু লাগানোর ঘটনা ঘটেছে। এ ছাড়া দেশের বিভিন্ন পাবলিক
বিশ্ববিদ্যালয় ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে ধর্মঘটের সমর্থনে বিভিন্ন কর্মসূচি পালিত হয়েছে।
এদিকে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে (জাবি) শাখা ছাত্রদলের নেতাকর্মীরা
বিভিন্ন বিভাগের শ্রেণিকক্ষ ও কার্যালয়ের তালায় 'সুপার গ্লু লাগিয়ে ধর্মঘট পালন
করে। ধর্মঘটের সমর্থনে শনিবার রাতে বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান অনুষদ, কলা
ও মানবিক অনুষদ, জীববিজ্ঞান অনুষদ, পদার্থবিজ্ঞান ও গাণিতিক বিষয়ক
অনুষদ, বিজনেস স্টাডিজ অনুষদ, প্রশাসনিক ভবন ও পরীক্ষা নিয়ন্ত্রক অফিসের
প্রধান ফটকসহ বিভিন্ন শ্রেণিকক্ষের তালায় 'সুপার গ্লু দেয় শাখা ছাত্রদলের
নেতাকর্মীরা। গতকাল সকালে কর্মচারীরা বিশ্ববিদ্যালয়ের তালা খুলতে গেলে
বিষয়টি নজরে আসে। পরে বিশ্ববিদ্যালয় প্রশাসন নিরাপত্তা কর্মীদের সহায়তায়
প্রশাসন অর্ধশত তালা কেটে শিক্ষা কার্যক্রম স্বাভাবিক করেন।